দৈনিক সংবাদ

তারিখ 0 5 APR 1994
পৃষ্ঠা ১২ কলাম ৭

136

১২ই এপ্রিল মহাসমাবেশ

# বৃহস্পতিবার বেসরকারী স্কুল-কলেজ ধর্মঘট

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী বৃহস্পতিবার সকল বেসরকারী স্কুল-কলেজে ধর্মঘট ও মিছিল এবং ১২ই এপ্রিল জাতীয় প্রেসক্লাবের সামনে শিক্ষক মহাসমাবেশ ও অবস্থান ধর্মঘটের কর্মসূচী নেয়া হয়েছে।

কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির নেতারা সম্প্রতি জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচী ঘোষণা করেন।

নেতারা ট্রাস্ট ফান্ডে কমপক্ষে ১৫ কোটি টাকা দেয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়েছেন।

লিয়াজোঁ কমিটির সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিক সম্মেলনে মূল বক্তব্য রাখেন। বেসরকারী শিক্ষকদের জন্য সরকারী শিক্ষকদের মতো পূর্ণাঙ্গ বেতন স্কেল চালু, ট্রাস্টী বোর্ড পুনর্গঠন, প্রধানমন্ত্রীর নির্দেশে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশমালা বাস্তবায়ন ও চাকরি নিরাপত্তা আইন প্রণয়নসহ বিভিন্ন দাবি বাস্তবায়নের জন্য সাংবাদিক সম্মেলনে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হয়।

১২ই এপ্রিলের আগে দাবি পূরণ না হলে অবিরাম ধর্মঘটের কর্মসূচী নেয়া হবে বলে জানানো হয়। লিয়াজোঁ কমিটির আহ্বায়ক মোঃ কামরুজ্জামান, শেখ আমানুল্লাহ ও ডঃ আখতারুজ্জামান সাংবাদিক সম্মেলনে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।